

নভেম্বর ১৯, ২০১৭

ইমেইলের বিষয়: কৃতজ্ঞতা প্রকাশের আছে অনেক কিছু

প্রিয় ব্রঙ্কস সায়েন্স অভিভাবকরা,

ধন্যবাদ দেওয়ার এই সময়টাতে অনেকগুলো বিষয়ের মধ্যে উল্লেখযোগ্য যে কারণে আমরা কৃতজ্ঞ, তা হলো আমাদের চমৎকার কমিউনিটি। উদাহরণস্বরূপ গত সপ্তাহের পিএ মিটিংয়ে বিভিন্ন সংস্কৃতি এবং পটভূমির অভিভাবকদের সঙ্গে মিলিত হতে পারা (খুবই আনন্দদায়ক এবং মাঝে মাঝে ভীষণ হাস্যকর ছিল) প্রশ্নোত্তর পর্ব সন প্রোভারের সঙ্গে। অভিভাবকরা অকপটে মাঝে মাঝে অপ্রিয় প্রশ্ন করেছিলেন, এবং পরিষ্কার ভাবে বুঝিয়ে দিয়েছিলেন যে আমার পরিবারগুলোতেও জাতিগত পটভূমি এবং আমাদের বড় হওয়ার পরিবেশ পার্থক্য থাকা সত্ত্বেও আমরা একমত যে আমরা সকলেই অন্তর থেকে আমাদের সন্তানের মঙ্গল চাই। আমরা আরও যে কারণে কৃতজ্ঞ তা হল- ব্রঙ্কস সায়েন্স থেকে চমৎকার শিক্ষা আমাদের সন্তানেরা পাচ্ছে। আমরা এটা যেমন জানি, আপনিও জানেন। আমরা আশা করব, বছর শেষ হওয়ার মুহূর্তে আপনি ব্রঙ্কস সায়েন্স পিএতে দান করবেন। আপনার অনুদান আপনার সন্তানের হাই স্কুল অভিজ্ঞতায় অর্থপূর্ণ পরিবর্তন আনবে। আশা করবো, আসছে লম্বা ছুটি আপনি পরিবারের সঙ্গে উপভোগ করবেন, এবং আপনাদের সকলকে থ্যাংকসগিভিংয়ের শুভেচ্ছা।

এলিজাবেথ ল্যাংউইথ এবং মনিকা টরিয়েলও

পিএ কো-প্রেসিডেন্টদ্বয়

বিশেষ দ্রষ্টব্য: নভেম্বর ২৮, দান করবার মঙ্গলবার! দান করতে টেক্সট করুন ব্রঙ্কসসাই ৫৬৫১২ নম্বরে।

#BxSciGives

খাদ্য ড্রাইভ এসও-তে সহযোগিতা করুন!

শিক্ষার্থীদের সংগঠন (ব্রঙ্কসসাই শিক্ষার্থীদের সংগঠন) তাদের বাৎসরিক প্রচারণা শুরু করেছে ১.৩ মিলিয়ন নিউ ইয়র্ক অধিবাসীর সহযোগিতা করতে যাদের তিন বেলা খাবার জোগাড় করতে কষ্ট হচ্ছে। সিটি হারভেস্ট ক্যান অ্যান্ড ফুড ড্রাইভ একটি স্কুল প্রচারণা যেখানে প্রত্যেক ব্রঙ্কসসাই শিক্ষার্থী নুনতম এক ক্যান করে খাবার আনবে। ডিসেম্বরের ২০ তারিখ পর্যন্ত এই প্রচারণা চলবে। অনুগ্রহ করে আপনার সন্তানকে মনে করিয়ে দেবেন ক্যান খাবার অথবা অপচনশীল খাবার স্কুলে আনতে, এবং প্রধান প্রবেশকক্ষের ডেস্কে রাখতে। সবচেয়ে জরুরী খাবারগুলোর মধ্যে ক্যান ফল, ক্যান সবজী, প্লাস্টিক জারে পিনাট বাটার, প্যাকেট করা মাকারনি চিজ, প্যাকেট করা ঠাণ্ডা এবং গরম সিরিয়াল, সুপ এবং জুসের প্যাকেট। এসও যদি নির্ধারিত ৩০০০ ক্যান খাবার সংগ্রহ করতে পারে, তাহলে স্কুলজুড়ে একদিন কোনো হোমওয়ার্ক থাকবে না।

ডিসেম্বর পিএ মিটিংয়ের বিষয়: মানসম্মত পরীক্ষা

তাহলে পিএসএটি স্কোর আসলে কি? কোন শিক্ষার্থীরা এসএটি-তে ভাল করে এসিটি থেকে। এটা কি ঠিক যে কিছু নবাগত শিক্ষার্থীদের এসএটি পরীক্ষা নেওয়া উচিত? আমার সন্তানকে তার এপি নম্বর কলেজে দেখাতে হবে? এই প্রশ্নোত্তরগুলো জানতে আমাদের পরবর্তী পিএ মিটিংয়ে আসুন, বুধবার ডিসেম্বর ১৩, সন্ধ্যা ৭টায়। মানসম্মত পরীক্ষা অনেক ভীতিকর এবং বিভ্রান্তিকর হাই স্কুল জীবনে। মিটিংয়ে প্রশ্নোত্তর পর্ব সবার জন্য উন্মুক্ত থাকবে, যদি আপনার সন্তান নবাগত শিক্ষার্থী যে পিএসএটি (রেজাল্ট জানা হয়ে যাবে এর মধ্যে!) দিয়েছে, অথবা সিনিয়র যে এর মধ্যে কলেজ অ্যাপ্লিকেশন জমা দিয়েছে। সেখানে লটারিতে জয়ীকে ফ্রি ৮টা ক্লাসের স্যাট অথবা এক্ট কোর্সের সুযোগ দেওয়া হবে। তাই আপনি সময় করে ডিসেম্বর ১৩-এর পিএ

মিটিংয়ে যোগ দিন। ভ্যালো বাস ফ্রি সার্ভিস দিবে, বিস্তারিত জানতে এবং আপনার বাসের সিট রিসার্ভ করতে [এখানে](#) টিপ দিন।

দানের মঙ্গলবারে ব্রঙ্কস সায়েন্সে দান করুন

দানের মঙ্গলবার, নভেম্বর ২৮, বিশ্ব দান দিবস। তার আগে অথবা পরে, দয়া করে বছর শেষে ব্রঙ্কস সায়েন্সের পিএতে আপনার অনুদান দিন। আপনার অনুদান অনেক জরুরী কাজে ব্যবহৃত হবে। শুধু গতমাসে কেমিস্ট্রি এবং ফিজিক্স ক্লাসের চাঁদা, আমাদের স্কুলের কলেজ বোর্ড সদস্য, স্কুলের বড় ফরম্যাট প্রিন্টার সারাই (যেটা স্কুলের লবিতে ঝোলানো বড় পোস্টার ছাপতে লাগে), একটা ল্যাপটপ কার্ট, জিমনাস্টিক রুমের ফ্লোর টাইলস সারাই, এবং স্কুলের ইন্টারনেট সরবরাহের স্পিড বাড়াতে কিছু যন্ত্রপাতি কেনা হয়েছে।

দান করার পদ্ধতি খুব সোজা: আপনি BXSCI লিখে 56512 নম্বরে টেক্সট করতে পারেন [এখানে](#) অথবা স্কুলে একটা চেক মেইল করতে পারেন। প্রস্তাবিত পরিমাণ শিক্ষার্থী প্রতি ৫০০ ডলার তবে যে কোনো পরিমাণ দানই সাহায্য করবে প্রশংসিত হবে। মনে রাখবেন পিএ একটি ৫০১(সি)(৩) সংগঠন তাই আপনার দানের অর্থ আপনার ট্যাক্স কমাতে সহায়তা করবে। আপনার কাজে বসের সঙ্গে এ ব্যাপারে কথা বলুন!

আমাদের ফেসবুকে দেখুন [#GivingTuesday](#), [#BxSciGives](#)

২০১৭ শেষের দিকে

আপনার ক্যালেন্ডারে দাগিয়ে রাখার জন্য এখানে গুরুত্বপূর্ণ কিছু তারিখ উল্লেখ করা হল। আপনি যদি এখনো ব্রঙ্কসে না এসে থাকেন তবে আমরা আশা করবো, নিচের যে কোনো একটা তারিখে আপনাদের সঙ্গে দেখা হবে।

নভেম্বর ২১, মঙ্গলবার- এসএলটি মিটিং, সন্ধ্যা ৩:৪৫-৬:০০ (অভিভাবকদের দেখার আমন্ত্রণ রইলো)।

নভেম্বর ২৩-২৪- থাক্সসগিভিংয়ের ছুটি (স্কুল বন্ধ)

নভেম্বর ২৮, মঙ্গলবার- দানের মঙ্গলবার, অনুদান দিতে BXSCI লিখে টেক্সট করুন 56512 নাম্বারে।

ডিসেম্বর ১৩, বুধবার- এসএলটি মিটিং, সন্ধ্যা ৩:৪৫-৬ (অভিভাবকদের দেখার আমন্ত্রণ রইলো)।

ডিসেম্বর ১৩, বুধবার- পিএ মিটিং, সন্ধ্যা ৭:০০-৯:০০।

ডিসেম্বর ১৯, মঙ্গলবার- প্রিন্সিপালের সঙ্গে নাস্তা, সকাল ৮:৩০-৯:০০।